

নম্বর- ১৩.০৮.৯৪০০.০০০.৪৫.০০৬.২৩.২৬৫

তারিখ: ৩০/০১/২০২৪খ্রি:

বিজ্ঞপ্তি

বিষয়ঃ লাইসেন্সের শর্তাধীনে চালকল মালিক কর্তৃক পাক্ষিক ছাঁটাইক্ষমতা অনুযায়ী মজুত ও নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে খাদ্য বিভাগ, ঠাকুরগাঁও কর্তৃক ঠাকুরগাঁও জেলায় মজুত বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তদপ্রেক্ষিতে জেলার সকল হাক্কিং/অটো রাইস মিল মালিকগণকে এস.আর.ও. নং ১১৩-আইন/২০১১ অনুযায়ী পাক্ষিক ছাঁটাইক্ষমতার ০২(দুই) গুণ চাল ও এস.আর.ও নং ৩৩৮-আইন/২০২০ অনুযায়ী পাক্ষিক ছাঁটাইক্ষমতার ০৩ (তিন) গুণ ধান (ধান কিংবা চালের আকারে যেকোন একটি) অধিক পরিমাণ মজুত না রাখার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো। এছাড়া লক্ষ্য করা যাচ্ছে যে, অত্যাবশ্যিকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রন আদেশ, ২০২২ এর ৪(৩) উপনুচ্ছেদ মোতাবেক আপনার ব্যবসা প্রতিষ্ঠানের পাক্ষিক (প্রতি মাসের প্রথম পক্ষ ও শেষ পক্ষ) ধান, চাল কিংবা গম/গম জাত দ্রব্য সম্পর্কিত রিপোর্ট রিটার্ন অত্র দপ্তরে প্রদান করার নির্দেশনা থাকলেও ইহা দেওয়া হচ্ছে না। যা এতদসংশ্লিষ্ট আইনের সুস্পষ্ট লঙ্ঘন ও কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়।

এক্ষণে, ধান ও চাল কিংবা গম/গম জাত দ্রব্য ক্রয়, মজুত ও বিক্রয়ের হিসাব সংযুক্ত ছক মোতাবেক পাক্ষিক ভিত্তিতে অত্র দপ্তরে (স্ব-শরীরে কিংবা এই ই-মেইলে dcf.tkg@dgfood.gov.bd) প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। উল্লেখ্য যে, কোন ব্যবসা প্রতিষ্ঠানে/মিলের গোড়াউনে নির্ধারিত পরিমাণের অধিক পরিমাণ ধান ও চাল অথবা গম/গম জাত দ্রব্য মজুত পাওয়া গেলে কিংবা সংযুক্ত ছক মোতাবেক সময়মত পাক্ষিক রিপোর্ট রিটার্ন না পাওয়া গেলে বিদ্যমান আইন ও খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ ও বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন, ২০২৩ মোতাবেক কঠোর ব্যবস্থা নেয়া হবে।

এমতাবস্থায়, ঠাকুরগাঁও জেলার সকল হাক্কিং/অটো রাইস মিল মালিকগণকে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণের অধিক পরিমাণ ধান ও চাল কিংবা গম/গম জাত দ্রব্য মজুত না রাখার জন্য বলা হলো এবং ধান ও চাল কিংবা গম/গম জাত দ্রব্য ক্রয়, মজুত ও বিক্রয়ের হিসাব সংযুক্ত ছক মোতাবেক পাক্ষিক ভিত্তিতে অত্র দপ্তরে (স্ব-শরীরে কিংবা এই ই-মেইলে dcf.tkg@dgfood.gov.bd) প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় বলা হলো।

সংযুক্তপাতা।

স্বা:

মাহমুদুল হাছান
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ঠাকুরগাঁও।
ফোন-০২৫৮৯৯৩২০৩০

সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল),উপজেলা, ঠাকুরগাঁও।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), ঠাকুরগাঁও।
- ৭। খাদ্য পরিদর্শক (কারিগরি), ঠাকুরগাঁও।
- ৮। জনাব সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা চালকল মালিক সমিতি, ঠাকুরগাঁও।
- ৯। জনাব সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা চালকল মালিক সমিতি, উপজেলা
ঠাকুরগাঁও।
- ১০। জনাব..... প্রো..... হাক্কিং/অটো রাইস মিল, ঠাকুরগাঁও।
- ১১। অফিস কপি।

৩০/০১/২০২৪
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ঠাকুরগাঁও।
৬০/০০
২০২৪